



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy55@gmail.com

ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ২৩.০১.২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০১৯ ঘোষণা

আজ ৯ই মাঘ ১৪২৬/২৩শে জানুয়ারি ২০২০ বৃহস্পতিবার বিকেল ৪:৩০টায় বাংলা একাডেমির কবি শামসুর রাহমান সেমিনার কক্ষে সংবাদ সম্মেলন আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে একাডেমির মহাপরিচালক হাবীবুল্লাহ সিরাজী বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০১৯ ঘোষণা করেন।

অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন একাডেমির সচিব মোহাম্মদ আনোয়ার হোসেন, একাডেমির পরিচালক অপরেশ কুমার ব্যানার্জী, ডা. কেএম মুজাহিদুল ইসলাম, ড. জালাল আহমেদ, ড. মোহাম্মদ মিজানুর রহমান, সংস্কৃতি উপবিভাগের উপপরিচালক নূরুন্নাহার খানম এবং সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

মহাপরিচালক তাঁর বক্তব্যে বলেন, আজ বাংলাদেশের প্রাচীনতম সাহিত্য পুরস্কার বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ঘোষণার দিন। এটা আমাদের জন্য অত্যন্ত আনন্দের বিষয় যে, এবার বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার প্রবর্তনের ৬০ বছর অর্থাৎ হীরকজয়ন্তী বর্ষে পদার্পণ করছে। ১৯৬০ সালে প্রবর্তিত হয়ে এ পর্যন্ত ৩০৭ জন লেখক এ পুরস্কারে ভূষিত হয়েছেন।

বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০১৯ প্রাপ্তরা হলেন-

১. কবিতা- মাকিদ হায়দার
২. কথাসাহিত্য- ওয়াসি আহমেদ
৩. প্রবন্ধ/গবেষণা- স্বরোচিষ সরকার
৪. অনুবাদ- খায়রুল আলম সবুজ
৫. নাটক- রতন সিদ্দিকী
৬. শিশুসাহিত্য- রহীম শাহ
৭. মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা- রফিকুল ইসলাম বীর উত্তম
৮. বিজ্ঞান/কল্পবিজ্ঞান- নাদিরা মজুমদার
৯. আত্মজীবনী/স্মৃতিকথা/ভ্রমণকাহিনী- ফারুক মঈনউদ্দীন
১০. ফোকলোর- সাইমন জাকারিয়া

আগামী ২রা ফেব্রুয়ারি রোজ রবিবার বাংলা একাডেমি আয়োজিত মাসব্যাপী অমর একুশে গ্রন্থমেলা ২০২০-এর উদ্বোধন অনুষ্ঠানের প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০১৯ প্রদান করবেন।

(অপরেশ কুমার ব্যানার্জী)

পরিচালক

জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ